MAR. 05 2000

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৪

1C6

# এসএসসি পরীক্ষায় নকলের ছড়াছড়ি

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (শনিবার) এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনেও সারাদেশে ব্যাপকভাবে নকল হইয়াছে। বরিশাল, বগুড়া, সিরাজগঞ্জসহ কয়েকটি স্থানে নকলের মহোৎসব চলিয়াছে। নকলের অভিযোগে গতকাল বিভিন্ন কেন্দ্র হইতে কয়েক হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ৫টি

(২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## এসএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

বোর্ডের মধ্যে কেবল ঢাকা বোর্ডেই শেষ খবর পাওয়া পর্যন্ত ১ হাজার ৩৩ জনকে বহিষ্কারের তথ্য পাওয়া যায়। গতকাল ছিল ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষা। অবাধে নকল চলিয়াছে বগুড়া ও সিরাজগঞ্জে। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে লাঠিচার্জ করিতে হয়। পাবনায় হামলায় ম্যাজিস্ট্রেটের জীপ ও দারোগার মোটর সাইকেল ভাংচুর হইয়াছে। পটুয়াখালীতে সংঘর্ষে আহত হইয়াছে ১০ জন। চাঁপাইনবাবগঞ্জে হামলায় মারাত্মক আহত হইয়াছে পুলিশ। দিনাজপুরে লাঞ্ছিত হইয়াছেন শিক্ষিকা।

গতকাল ঢাকা বোর্ডের অধীন নারায়ণগঞ্জ জেলা হইতে ২১ জন, নরসিংদী জেলা হইতে ৯৮ জন, মুন্সীগঞ্জ জেলা হইতে ৩৭ জন, টাঙ্গাইল জেলা হইতে ২৮৯ জন, ময়মনসিংহ জেলা হইতে ১৫৪ জন, জামালপুর জেলা হইতে ১১২ জন, শেরপুর জেলা হইতে ৩৮ জন, কিশোরগঞ্জ জেলা হইতে ৮৬ জন, ফরিদপুর, জেলা হইতে ৪৫ জন, গোপালগঞ্জ জেলা হইতে ৩৩ জন, রাজবাড়ী জেলা হইতে ৪৮ জন এবং শরীয়তপুর জেলা হইতে ২৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

বাউফল সংবাদদাতা জানান, ইংরেজী ১ম পত্রে ৫০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্ন ভুল ছাপার কারণে বাউফল হাইস্কুল ও বালিকা বিদ্যালয় কেন্দ্রে ১৪ জন পরীক্ষার্থী ১৯টি প্রশ্নের উত্তর দিতে পারে নাই।

যশোর অফিস জানায়, বাউফল পরীক্ষা কেন্দ্রে সরবরাহকৃত ইংরেজী দ্বিতীয়পত্র প্রশ্নের নৈর্ব্যক্তিক অংশের মুদ্রণ বিভ্রাট সম্পর্কে যোগাযোগ করা হইলে যশোর শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গতকাল রাত্রে ইত্তেফাককে জানান, তাহারা এ ব্যাপারে সংশ্লিষ্ট কেন্দ্র হইতে কোন অভিযোগ পান নাই।

গোপালপুল (টাঙ্গাইল) সংবাদদাতা জানান, ফরম পূরণ না করিয়াই মধুপুর থানার ২টি মদ্রাসার ১১ জন ছাত্র সৌভাগ্যবশত চলতি দাখিল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র পাইয়াছে।

দাউদকান্দি সংবাদদাতা জানান, কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, এই বোর্ডের ৪৪টি কেন্দ্রে প্রায় একই অবস্থা বিরাজ করিতেছে। শতকরা ৯৫ ভাগ অভিভাবক নকল প্রবণতায় মাতিয়া উঠায় কেন্দ্রের বাহিরে হাজার হাজার মানুষের ভীড় হইতেছে।

এসএসসি পরীক্ষার ২য় দিনে অসদুপায় অবলম্বনের দায়ে বিভিন্ন স্থানে বহিষ্কৃত পরীক্ষার্থীদের খবর দিয়াছেন আমাদের সংবাদদাতাগণ। পটুয়াখালীতে ৫৩ জন, চাপাইনবাবগঞ্জে ১৪৯, লক্ষীপুরে ৭২ ও দাখিল পরীক্ষায় ৩০, বাউফলে ২২, ঝিনাইদহে ৮২, শরিয়তপুরে ২৮, রংপুরে ১৮৫, চুয়াডাঙ্গায় ৫৫, মাদারীপুরে ৫৪ ও দাখিল পরীক্ষায় ২৬, নাটোরে ৫৪, নেত্রকোনায় ৭৯, লক্ষীপুরের রামগঞ্জে ৯ জন ও দাখিলে ১৫, নরসিংদীতে ৯৫, গাজীপুরে ২১, ময়মনসিংহে ১৪৩, কালিয়াকৈরে ৫, গোপালগঞ্জে ৩৩, জামালপুরে ১১২, নড়াইলের কালিয়ায় ৮, নীলফামারীতে ১০০, ব্রাহ্মণবাড়িয়ায় ৯০, পাবনায় ১৪৭, পীরগঞ্জে ৩৩, ঝালকাঠিতে ১৬, জয়পুরহাটে ৬৯, কুমিল্লায় ২৬১, পিরোজপুরে ১৭, শেরপুরে ৪৭, কক্সবাজারে ৬৩, দিনাজপুরে ২৬০, কুষ্টিয়ায় ১৫৪, নোয়াখালীতে ১২৯, ফরিদপুরে ২৯ ও দাখিলে ২৪, সিলেটে ১৩, গাজীপুরে ২১, মাদারীপুরের রাজৈরে ৬, ফরিদপুরের ভাঙ্গায় ৬, গোপালগঞ্জের মুকসুদপুরে ১৫, রাজৈরের টেকেরহাট মাদ্রাসা কেন্দ্রে ২, মুকসুদপুর মাদ্রাসা কেন্দ্রে ৮, মেহেরপুরে ২৮, চাঁদপুরে ২৩৩ ও দাখিলে ৫২